

Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and H.E. Emmanuel Macron, President of the French Republic

May 26, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রঁ-র মধ্যে টেলিফোনে বার্তালাপ

মে 26, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রঁ আজ টেলিফোনে কথা বলেছেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী রাষ্ট্রপতি ম্যাক্রঁ-কে ভারতের কোভিড-১৯ মোকাবিলায় ফ্রান্সের সহায়তার জন্য ধন্যবাদ জানিয়েছেন। দুই দেশের নেতা দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং উভয় দেশের স্বার্থের সঙ্গে জড়িত বিশ্বের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন। সদ্য সমাপ্ত ভারত-ইইউ নেতৃত্বের বৈঠকের ইতিবাচক দিক নিয়েও সন্তোষ ব্যক্ত করেন তাঁরা। উভয় নেতৃত্বই সুষম এবং সুসংহত মুক্ত বাণিজ্য ও বিনিয়োগ চুক্তির বিষয়ে আলোচনা পুনরায় শুরু করার ক্ষেত্রে একমত হয়েছেন। তাঁরা ভারত-ইইউ সংযোগকারী অংশীদারিত্ব সম্পর্কিত বিষয়ে গৃহীত পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন।

উভয় নেতৃত্ব সাম্প্রতিক সময়ে ভারত-ফ্রান্স কৌশগত অংশীদারিত্বের গভীরতা এবং দৃঢ়তার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। কোভিড পরবর্তী সময়ে একত্রে সমন্বয় বজায় রেখে কাজ চালিয়ে যাওয়ার বিষয়ে সহমত পোষণ করেন তাঁরা।

পরিস্থিতির বিচার করে রাষ্ট্রপতি ম্যাক্রঁ-কে যত দ্রুত সম্ভব ভারত সফরের জন্য পুনরায় আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী শ্রী মোদী।

নিউ দিল্লি

মে 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.